দৈনিক ইত্তেফাক

তারিখ 12 NOV 1984
পৃষ্ঠা ৩ কলাম 2

086

# নকলের প্রভাব হইতে ছাত্রছাত্রীদের মুক্ত করার লক্ষ্যে এক অভিনব উদ্যোগ

কালীগঞ্জ (গাজীপুর) সংবাদদাতা জানান, আগামী ১৫ই নভেম্বর হইতে পলাশ উপজেলার ১২টি হাইস্কুলের ১৩ শতাধিক ছাত্র-ছাত্রীর আন্তঃস্কুল মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন হইয়াছে।

গত ৩১শে অক্টোবর পলাশ উপজেলা চেয়ারম্যান অধ্যাপক ফজলুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সুষ্ঠু শিক্ষা বাস্তবায়ন কমিটি'র সভায় এস এস সি পরীক্ষা-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## নকলের প্রভাব হইতে

(৩য় পৃঃ পর)

পূর্ব নকলমুক্ত, নির্বাচনী পরীক্ষা গ্রহণের জন্য উপজেলার ১২টি হাইস্কুলের প্রধান শিক্ষকদের সমন্বয়ে গঠিত শিক্ষক পরিষদ হইতে ৬ সদস্যের দুইটি পৃথক পরীক্ষা পরিচালনা ও প্রশ্নপত্র প্রণয়ন বিষয়ক কার্যকরী কমিটি গঠিত হয়।

অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় মনোযোগী করিয়া নকলের প্রভাবমুক্ত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ের একেকজন অফিসারকে প্রত্যেকটি স্কুল তদারকির দায়িত্ব প্রদান করা হইয়াছে।

স্বেচ্ছাপ্রণোদিত এই অফিসারগণ নির্ধারিত কর্মসূচী অনুযায়ী শিক্ষকদের সহিত রাতের বেলায় ছাত্র-ছাত্রীদের বাড়ী বাড়ী গিয়া লেখাপড়ার গতিবিধি তদারকি শেষে প্রতিবেদন পেশ করেন।

একই প্রশ্নের মাধ্যমে নির্ধারিত সময়সূচী মোতাবেক একই সময়ে ১২টি হাইস্কুলের ছাত্র-ছাত্রীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণের আংশিক ব্যয়ভার উপজেলা পরিষদ বহন করিবে।